Strategy for Governance Improvement City Corporations

# কৌশলপত্র ২০৩০ নিউজলেটার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার C4C Capacity for Cities JICA

ইস্যু নং ৩ জুন ২০২৫








## জবাবদিহিতা নিশ্চিতকরণ: সিটি কর্পোরেশনের বার্ষিক প্রতিবেদন










নাগরিকদের প্রতি দায়বদ্ধতা নিশ্চিতকরণে বাজেট এবং বার্ষিক হিসাব বিবরণীসহ বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন সিটি কর্পোরেশনের জন্য একটি গুরুত্বপূর্ণ উপকরণ হিসেবে কাজ করে। জাইকা C4C 2 এর কারিগরি সহায়তায় স্থানীয় সরকার বিভাগের ফরম্যাট অনুসরণ করে ১২টি সিটি কর্পোরেশন গত কয়েক বছর ধরে প্রতিবেদন প্রণয়ন করে আসছে। সিটি কর্পোরেশনসমূহ বর্তমানে ২০২৪-২৫ অর্থবছরের প্রতিবেদন প্রণয়নের প্রস্তুতি নিচ্ছে, যা আইন অনুসারে সেপ্টেম্বরের মধ্যে প্রস্তুত ও পরিষদের অনুমোদন সম্পন্ন করতে হবে এবং জনসাধারণের নিকট প্রকাশ করতে হবে।

২০২৫ সালের এপ্রিল ও মে মাসে রংপুর, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, সিলেট, খুলনা, গাজীপুর ও কুমিল্লা সিটি কর্পোরেশন সম্প্রতি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক হালনাগাদকৃত বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের ফরম্যাটের উপর এবং বিগত সময়ের প্রতিবেদনের উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিত করে উত্তরণের উপায়সমূহ নিয়ে আলোচনা করতে কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। C4C2 এর গভর্ন্যান্স স্পেশালিষ্ট কর্তৃক পরিচালিত উক্ত প্রশিক্ষণে সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ ও শাখার প্রায় ৩০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। বরিশাল সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী বলেন- "আমরা এখন প্রতিবেদনের সম্পূর্ণ পরিধি এবং প্রতিটি বিভাগ কীভাবে এতে অবদান রাখতে পারে তা বুঝতে পেরেছি"। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব সিটি কর্পোরেশনের যোগাযোগ পদ্ধতি জোরদার করার উপর গুরুত্বারোপ করে বলেন, "আমাদের অভ্যন্তরীণভাবে এবং নাগরিকদের নিকট তথ্যপ্রচার ব্যবস্থার উন্নতি ঘটাতে হবে, যাদের অধিকাংশই সিটি কর্পোরেশনের ব্যাপক পরিসরের পরিষেবা সম্পর্কে অবগত নন।" রংপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, "প্রতিবেদন প্রস্তুতের এই সহযোগিতামূলক পদ্ধতি অভ্যন্তরীণ সমন্বয়কে শক্তিশালী করবে এবং মানসম্মত পরিষেবা প্রদানে সহায়ক হবে।"




*C4C এর অর্থ হলো "capacity for cities"। জাইকার কারিগরি সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "সিটি কর্পোরেশনের সক্ষমতা উন্নয়ন" শীর্ষক প্রকল্পের দ্বিতীয় পর্যায় হচ্ছে C4C 2.

# এনআইএলজি-এর ব্যবস্থাপনায় সিটি কর্পোরেশনের জন্য বাজেট ব্যবস্থাপনা প্রশিক্ষণ



স্থানীয় সরকার বিভাগের প্রশিক্ষণ পরিকল্পনার অংশ হিসেবে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট C4C 2 এর সহায়তায় ২০২৫ সালের এপ্রিল মাসে সিটি কর্পোরেশনের জন্য বাজেট ব্যবস্থাপনা প্রশিক্ষণের আয়োজন করে। ১২টি সিটি কর্পোরেশনের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা এবং হিসাব রক্ষণ কর্মকর্তাগণ এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। এটি কৌশলপত্রের সাথে সামঞ্জস্য রেখে সরকারের বাজেট এবং একাউন্টিং ক্লাসিফিকেশন সিস্টেম (BACS) এর উপর ভিত্তি করে বাজেট প্রণয়ন, বাজেট বাস্তবায়ন এবং রিপোর্টিং পদ্ধতিকে মানসম্মত করার জন্য স্থানীয় সরকার বিভাগের ধারাবাহিক প্রচেষ্টার একটি অংশ। স্থানীয় সরকার বিভাগ সম্প্রতি অর্থ বিভাগ, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (OCAG), ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (FRC), এনআইএলজি এবং সিটি কর্পোরেশনের প্রতিনিধিদের সাথে পরামর্শমূলক কর্মশালার মাধ্যমে C4C 2 এর সহায়তায় **সিটি কর্পোরেশন বাজেট ব্যবস্থাপনা ম্যানুয়াল** অনুমোদন করেছে।


প্রশিক্ষণের উদ্দেশ্য ছিল BACS-ভিত্তিক হিসাবরক্ষণ এবং বাজেট মনিটরিং সম্পর্কে সিটি কর্পোরেশন কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা। এ প্রশিক্ষণে BACS অনুসারে বাজেট প্রণয়ন, হিসাবরক্ষণ পদ্ধতি এবং বাজেট মনিটরিং/পরিবীক্ষণ বিষয়গুলোকে অন্তর্ভুক্ত করা হয়েছিল। একাধিক অনুশীলনের মাধ্যমে অংশগ্রহণকারীগণ নতুন BACS-ভিত্তিক ফর্ম ব্যবহার করে বাজেট এবং হিসাবরক্ষণ সংক্রান্ত ডকুমেন্ট কীভাবে প্রস্তুত করতে হয় তা শিখেছে। এছাড়াও, তারা C4C 2 টিম কর্তৃক প্রস্তুতকৃত নাগরিক বাজেট ফর্ম ব্যবহার করে নাগরিকদের কাছে বার্ষিক বাজেট কীভাবে উপস্থাপন করতে হবে, সে সম্পর্কে ধারণা লাভ করেছে।

কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল (OCAG) এর সহযোগিতায় প্রশিক্ষণটি আয়োজন করা হয়েছিল। এনআইএলজি-এর অব্যাহত সহযোগিতা আরও বেশি সংখ্যক সিটি কর্পোরেশনের কর্মকর্তাদের নতুন ব্যবস্থার সাথে পরিচিত হতে এবং তাদের বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি উন্নত করতে ব্যাপকভাবে সহায়তা করবে।

## নাগরিক মতামত - নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে অনলাইন নাগরিক জরিপ

স্থানীয় সরকারসমূহের সিদ্ধান্ত গ্রহণে ও তাদের পরিষেবা, কার্যক্রম এবং নীতিমালা উন্নত করার জন্য নাগরিকদের মতামত গ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিষয়ে নাগরিক জরিপ একটি কার্যকর উপকরণ হিসেবে স্বীকৃত। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন C4C 2 প্রকল্পের সহায়তায় বাংলাদেশে সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত প্রথম অনলাইন নাগরিক জরিপ সম্পন্ন করেছে।

জরিপে চারটি ক্ষেত্র অন্তর্ভুক্ত ছিল- পরিষেবার প্রতি সন্তুষ্টি, সিটি কর্পোরেশনের প্রশাসনিক কার্যক্রম সম্পর্কে সচেতনতা, সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ এবং বিভিন্ন কর্মকাণ্ডে নাগরিক অংশগ্রহণ। ফেব্রুয়ারি ও মার্চ মাসে এ জরিপে প্রায় ৯০৯ জন নাগরিক অংশগ্রহণ করেন। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কর্মকর্তাগণ এখন জরিপের ফলাফল পর্যালোচনা করছেন এবং কিছু ক্ষেত্রে যেমন: পাবলিক টয়লেট ব্যবস্থাপনা, অবকাঠামো উন্নয়ন এবং নাগরিকদের সাথে কার্যকর যোগাযোগ প্রতিষ্ঠাসহ বিভিন্ন পরিষেবার মান উন্নয়নের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণের বিষয়ে বিবেচনা করছে।



নারায়নগঞ্জ সিটি কর্পোরেশনের অনলাইন নাগরিক জরিপ বিষয়ক লিফলেট